দৈনিক সংবাদ

MAY 1 6 2002

১১ ৪

# এইচএসসি পরীক্ষায় নকল প্রতিরোধে সারাদেশে প্রস্তুতি

নিজস্ব বার্তা পরিবেশক ঃ আজ শুরু হচ্ছে এইচএসসি পরীক্ষা। নকল প্রতিরোধের জন্য ঝুঁকিপূর্ণ কেন্দ্রগুলোতে ভিডিও চিত্রধারণসহ ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষায় এবার প্রথমবারের মতো অধিক নকলপ্রবণ ১২টি পরীক্ষা কেন্দ্রে নকলবাজদের রুখতে মুভি ভিডিও ক্যামেরা বসানো হচ্ছে। পাশাপাশি নকলমুক্ত পরিবেশে পরীক্ষা সম্পন্ন করার জন্য ১০৭টি পরিদর্শন টিম ঘুরে বেড়ানোর পরিকল্পনা নিয়েছেন প্রতিটি পরীক্ষা কেন্দ্রে ইতোমধ্যে যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করেছেন বোর্ড কর্তৃপক্ষ।

বোর্ড সূত্র জানায়, ইতোমধ্যে সর্বাধিক নকলপ্রবণ এবং ১২টি ঝুঁকিপূর্ণ পরীক্ষা কেন্দ্র ভিডিও ধারণের জন্য চিহ্নিত করা হয়েছে। চিহ্নিত কেন্দ্রগুলো হলো- হাটহাজারী-২ (নাজিরহাট কলেজ), ফটিকছড়ি-২ (নানুপুর লায়লা-কবির কলেজ), ফটিকছড়ি-১ (ফটিকছড়ি ডিগ্রি কলেজ), রাঙ্গুনিয়া-৫ (রাঙ্গুনিয়া পদুয়া ডিগ্রি কলেজ), সন্দীপ সরকারি হাজী এ.বি কলেজ, সাতকানিয়া-২ জাফর আহমদ চৌধুরী কলেজ, উখিয়া ডিগ্রি কলেজ, মহেশখালী কলেজ, কুতুবদিয়া কলেজ, কাউখালী কলেজ এবং পানছড়ি কলেজ।

এবার সর্বমোট ৭২টি কেন্দ্রে ৫৫ হাজার ৫শ' ৩১ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নেবে। উপকূলীয় দ্বীপাঞ্চল এবং পাবর্ত্য দুর্গম অঞ্চলের কয়েকটি কলেজ ছাড়া এবার পরীক্ষার্থীরা নিজ কলেজ কেন্দ্রের বাইরে পরীক্ষায় অংশ নেবে। গত বছরের তুলনায় এবার মাত্র ১শ' ৯৪ জনের বেশি পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে।

নিজস্ব সংবাদদাতা, যশোর অফিস ঃ যশোর শিক্ষা বোর্ডের অধীনে এবার ৭৩ হাজার ২শ' ৩০ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। এর মধ্যে ছাত্র ৪৭ হাজার ৬শ' ৮৯ জন ও ছাত্রীর সংখ্যা ২৫ হাজার ৫শ' ৪১ জন। কেন্দ্র রয়েছে ১শ' ২৩টি। এর মধ্যে সর্বাধিক ঝুঁকিপূর্ণ কেন্দ্র হিসেবে চিহ্নিত করা হয়েছে ১০টি। কুষ্টিয়া ও বাগেরহাটেই ঝুঁকিপূর্ণ কেন্দ্রের সংখ্যা বেশি বলে সংশ্লিষ্ট সূত্র জানায়। এ সকল কেন্দ্রে মোবাইল মুভি ক্যামেরা ও অতিরিক্ত নিরাপত্তার ব্যবস্থা নেয়া হবে।

যশোর বোর্ডে ১০ জেলার মধ্যে সর্বাধিক পরীক্ষার্থী অংশ নেবে খুলনা ও সর্বনিম্ন পরীক্ষার্থীর সংখ্যা মেহেরপুরে। পরীক্ষার্থীদের মধ্যে খুলনা জেলায় ১৪ হাজার ৪শ' ১৫ জন, বাগেরহাটে ৪ হাজার ৮শ' ৫০, সাতক্ষীরায় ৭ হাজার ১শ' ৯৫, কুষ্টিয়ায় ১৪ হাজার ২শ' ৬১, চুয়াডাঙ্গায় ৪ হাজার ৬শ' ৮৮, মেহেরপুরে ২ হাজার ৮শ' ৩৮, যশোরে ১১ হাজার ৩শ' ৭৫; ঝিনাইদহে ৭ হাজার ৬শ' ৭৮, মাগুরায় ৩ হাজার ও নড়াইল জেলায় ২ হাজার ৯শ' ৩০ জন।

সুষ্ঠুভাবে নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণে বোর্ড কর্তৃপক্ষ ৭০টি ভিজিলেন্স টিম গঠন করেছেন। এ বাদেও জেলা প্রশাসনের পৃথক টিম থাকবে। সব টিমই পর্যায়ক্রমে সকল কেন্দ্র পরিদর্শন করবেন মাত্র ৬ ঘন্টার নোটিশে।

পীরগঞ্জ (রংপুর) থেকে সংবাদদাতা ঃ পীরগঞ্জ উপজেলায় পৃথক দু'টি কেন্দ্রে মোট ২ হাজার ২শ' ৯৫ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। কেন্দ্র বহাল রাখার অজুহাতে মাদারগঞ্জ কলেজ কর্তৃপক্ষ ৩শ' ৯৮ জন পরীক্ষার্থীর কাছে প্রবেশপত্র প্রদানের সময় ৩শ' টাকা হারে ১ লাখ ১৯ হাজার ৪শ' টাকা আদায় করেছেন বলে অভিযোগ উঠেছে।

দেবিদ্বার (কুমিল্লা) থেকে সংবাদদাতা ঃ নকলমুক্ত পরিবেশে উপজেলার ৬টি কলেজ এবং মাদ্রাসা কেন্দ্রে পরীক্ষা গ্রহণের পক্ষে উপজেলা প্রশাসন ব্যাপক প্রস্তুতি নিয়েছে। জেলা সদর থেকে অতিরিক্ত পুলিশ আনা হয়েছে। এদিকে উপজেলার সৈয়দপুর মাদ্রাসা কেন্দ্রে বরাদ্দকৃত উত্তরপত্র নিয়ে দেখা দিয়েছে বিভ্রান্তি। সংশ্লিষ্ট সূত্র জানায়, ওই কেন্দ্রের জন্য ৮শ' মূল উত্তরপত্রের মধ্যে পাওয়া গেছে ৩শ' মূল উত্তরপত্র। অতিরিক্ত উত্তরপত্র এসেছে ১৬শ'। বুধবার দুপুরে কেন্দ্র কর্তৃপক্ষ এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা এ ব্যাপারে জেলা প্রশাসক ও মাদ্রাসা বোর্ডকে অবহিত করেছেন বলে জানা গেছে।